



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-৫২/ ৩১৫৭

তারিখ: ৩০/১০/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ কক্সবাজার জেলাধীন রামু উপজেলার গর্জনীয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার প্রতিষ্ঠান প্রধান নির্ধারণ এবং কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বিল প্রস্তুত ও পরিশোধ বিষয়ে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১। বামাশিবো/সংস্থা/কক্সবাজার-৫২/৯৯৭, তারিখ-০৬/০৮/২০১৪ খ্রিঃ
২। বামাশিবো/প্রশাসন/ কক্সবাজার-৫২/৩০৮৮, তারিখঃ ০৭/০৫/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলাধীন রামু উপজেলার গর্জনীয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ দাবী করে জনাব মোঃ সাইফুল ইসলাম প্রতিষ্ঠান প্রধান নির্ধারণ এবং কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বিল প্রস্তুত ও পরিশোধ বিষয়ে ব্যাংক ম্যানেজারকে নির্দেশনা প্রদানের জন্য আবেদন করেছেন। অন্যদিকে জনাব মোঃ আবদুল হামিদ নিজেই অধ্যক্ষ দাবী করে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দাবীদার জনাব মোঃ সাইফুল ইসলামের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ দাখিল করেছেন। বর্ণিত অবস্থায় বিধি অনুযায়ী দায়িত্ব পালনরত প্রতিষ্ঠান প্রধান নির্ধারণসহ অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে উভয় পক্ষকে নিজ নিজ লিখিত বক্তব্য ও প্রয়োজনীয় কাগজপত্রাদি (গভার্ণিং বডি রিজুলেশন, অধ্যক্ষ বা ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন সংক্রান্ত পত্রাদি, মামলার আদেশ সমূহ ইত্যাদি) দাখিল করার জন্য ২নং সূত্রে বর্ণিত পত্র দ্বারা নির্দেশ প্রদান করা হয়।

২। বোর্ডের নির্দেশের প্রেক্ষিতে জনাব মোঃ সাইফুল ইসলাম লিখিত বক্তব্য ও কাগজপত্রাদি দাখিল করেন, কিন্তু অধ্যক্ষ দাবীদার জনাব মোঃ আবদুল হামিদ কোন বক্তব্য ও কাগজপত্রাদি দাখিল করেন নাই। নথিতে রক্ষিত কাগজপত্র ও লিখিত বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে,

(ক) সূত্রে বর্ণিত ১ নং স্মারক বামাশিবো/সংস্থা/কক্সবাজার-৫২/৯৯৭, তারিখ-০৬/০৮/২০১৪ মূলে জনাব ওবাইদুল হাকিম অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করিবেন মর্মে সংশ্লিষ্টদের জানিয়ে দেয়া হয়। জনাব আবদুল হামিদ নিজেই অধ্যক্ষ দাবী করে বোর্ডের উক্ত স্মারক-কে Challenge করে রীট নং- ৩৪৪৭/২০১৫ দাখিল করলে শুনানী শেষে Not pressed rejected হয় বিধায় বোর্ডের সিদ্ধান্ত বহাল থাকে। বোর্ড কর্তৃক অনুমোদিত বিশেষ কমিটির বিরুদ্ধে জনাব মোঃ আব্দুল হামিদ রিট পিটিশন নং- ১০৮১৬/২০১৩ দায়ের করেন ও উক্ত মামলায় প্রদত্ত স্থগিতাদেশ সিপি নং- ১৬৯৩/২০১৪ এ মহামান্য আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ তারিখ: ১৫/০৭/২০১৪ এ স্থগিত করা হয় ও সিপি নং- ৭৫/২০১৪, আদেশ তারিখ: ০১/০৬/২০১৪ মোতাবেক রিট পিটিশন নং- ১০৮১৬/২০১৩ এ প্রদত্ত আদেশ তারিখ: ০১/০৬/২০১৪ স্থগিত করা হয়। যে কারণে বোর্ডের অনুমোদিত বিশেষ কমিটি বহাল থাকে। জনাব ওবাইদুল হাকিম কর্মরত থাকাবস্থায় গভার্ণিং বডি সিদ্ধান্ত মূলে ০৫/০১/২০১৭খ্রিঃ তারিখে আরবী প্রভাষক জনাব মুহাম্মদ মুহিউদ্দীনকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ করা হলে তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব গ্রহন করেন। পরবর্তীতে গভার্ণিং বডি ০৬.০৭.২০১৭খ্রিঃ তারিখের সভায় কর্মরত জৈষ্ঠ্য শিক্ষক জনাব মোঃ সাইফুল ইসলাম, প্রভাষক (ইংরেজী)-কে অধ্যক্ষের অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগের সিদ্ধান্ত গ্রহন করেন। জনাব মোহাম্মদ আব্দুল হামিদ কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং- ১১৭৭২/২০১৫ এ প্রদত্ত তার পক্ষে প্রাপ্ত স্থগিতাদেশ ৩১/০১/২০১৫ খ্রিঃ তারিখের আদেশের মাধ্যমে Vacate করা হয়।

(খ) বেসরকারী আলিম মাদ্রাসার নিয়োগকারী কর্তৃপক্ষ গভার্ণিং বডি। “অধ্যক্ষ” বা প্রতিষ্ঠান প্রধান বলতে, মাদ্রাসার গভার্ণিং বডি কর্তৃক প্রতিষ্ঠান প্রধান বা অধ্যক্ষের দায়িত্ব পালনের জন্য নিয়োগপ্রাপ্ত, দায়িত্বপ্রাপ্ত ও কর্মরত (পূর্ণাঙ্গ অধ্যক্ষ বা ভারপ্রাপ্ত অধ্যক্ষ যাহাই হোক না কেন) ব্যক্তি/শিক্ষক। গভার্ণিং বডি কর্তৃক জনাব মোঃ সাইফুল ইসলাম-কে বিধি অনুযায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করায় তিনি দায়িত্ব গ্রহন করার পর হতে অন্য কোন শিক্ষককে গভার্ণিং বডি দায়িত্ব প্রদান করেছেন মর্মে প্রতীয়মান হয় না। সি.পি নং-৩৭২২/২০১৮ এর আদেশ অনুযায়ী প্রতিষ্ঠান প্রধান অধ্যক্ষ হিসাবে বেতন-ভাতা বিল প্রস্তুত ও স্বাক্ষর করবেন।

এমতাবস্থায় গভার্ণিং বডি পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত অধ্যক্ষের অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব সাইফুল ইসলাম কর্তৃক প্রস্তুতকৃত ও স্বাক্ষরিত এবং উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার-এর প্রতিস্বাক্ষরিত কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক: জনাব মোঃ সাইফুল ইসলাম
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
গর্জনীয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, রামু, কক্সবাজার।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-৫২/ ৩১৫৭

তারিখ: ৩০/১০/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, রমনা, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৪। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার।
- ৬। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামু, কক্সবাজার।
- ৮। সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৯। ম্যানেজার, জনতা ব্যাংক লিঃ, রামু শাখা, রামু, কক্সবাজার।
- ১০। অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৫৪